# তাজবীদ

## ১. মাদ্দ শব্দের অর্থ কি?

উত্তর ঃ লম্বা বা দীর্ঘ করা।

## ২. মাদ্দ কাহাকে বলে?

উত্তর ঃ মাদ্দের হরফের সাথে আওয়াজ দীর্ঘ করা হচ্ছে মাদ্দ।

## ৩. মদ্দের হরফ কয়টি ও কি কি?

উত্তর ঃ ৩টি। যথা- و (ওয়াও) ا (আলিফ) এবং ي (ইয়া)।

## ৪. মাদ্দের হরফ ي – ا – و মদ্দের হরফ হওয়ার শর্ত কয়টি ও কি কি?

উত্তর ঃ শর্ত দুইটি। যথা- ১. মদের হরফ ছাকিন হওয়া। ২. মদের হরফ আলিফের পূর্বে জরব থাকা, ওয়াও এর পূর্বে পেশ থাকা এবং ইয়া এর পূর্বে যের থাকা।

## ৫. মদের হরফ নয়, অথচ মদের মর্যাদা আর হুকুম মদের হরফের মতো, তা কি কি?

উত্তর ঃ খাড়া যবর, খাড়া যের এবং উল্টা পেশ।

## ৬. মাদ্দে আছলী অর্থ কি?

উত্তর ঃ মূল মাদ্দ।

## ৭. মাদ্দে আছলী কাহাকে বলে?

উত্তর ঃ মাদ্দের হরফের পর হামযা বা ছাকিন না থাকলে মাদ্দকে মাদ্দে আছলী বলে।

## ৮. মাদ্দে আছলীর অপর নাম কি?

উত্তর ঃ মাদ্দে তাবয়ী।

## ৯. মাদ্দে আছলীর দুইটি উদাহরণ দিন?

উত্তর ঃ قَالَ ، اَعُوْذُ

## ১০. মদ্দে আছলীর পরিমাণ কতটুকু?

উত্তর ঃ এক আলিফ।

## ১১. সকল মাদ্দের উৎপত্তি স্থল কি?

উত্তর ঃ মাদ্দে আছলী।

## ১২. এক আলিফ মদ্দের পরিমাণ বলতে কতটুকু সময়কে বুঝানো হয়?

উত্তর ঃ হাতের এক আঙুলি মাঝারী গতিতে সোজা অবস্থা থেকে বন্ধ করে এবং পরে আবার সোজা করতে যে সময় ব্যয় হয়, তার পরিমাণ হলো এক আলিফ।

## ১৩. মাদ্দে বদল অর্থ কি?

উত্তর ঃ পরিবর্তনশীল মদ্দ।

## ১৪. মাদ্দে বদল কাহাকে বলে?

উত্তর ঃ হারকাত ওয়ালা হামাযার পর ছাকিন হামযা আসলে, সে ছাকিন হামযাকে তার পূর্বের হামযার হারকাত অনুযায়ী হরফ দ্বারা পরিবর্তন করে পড়তে হয়। আর এই মাদ্দকে বলে মাদ্দে বাদাল।

## ১৫. মাদ্দে বদল এর দুইটি উদাহণ দিন?

উত্তর ঃ اَاْمَنُوْا থেকে اَمَنُوْا এবং اِاْمَانًا থেকে اِيْمَانًا

## ১৬. মাদ্দে বদল এর পরিমাণ কতটুকু?

উত্তর ঃ এক আলিফ।

## ১৭. মাদ্দে মুত্তাসিল অর্থ কি?

উত্তর ঃ মিলিত মাদ্দ।

## ১৮. মাদ্দে মুত্তাসিল কাহাকে বলে?

উত্তর ঃ মাদ্দের হরফের পর একই শব্দে হামযা (ء) আসলে যে মাদ্দের উৎপত্তি হয়, তা মাদ্দে মুত্তাসিল।

## ১৯. মাদ্দে মুত্তাসিলের একটি উদাহরণ দাও?

উত্তর ঃ اذا جَاءَ ، سَوَاءٌ

## ২০. মাদ্দে মুত্তাসিলের পরিমাণ কতটুকু?

উত্তর ঃ চার আলিফ।

## ২১. মাদ্দে মুনফাসিল অর্থ কি?

উত্তর ঃ পৃথক মাদ্দ বা আলাদা মাদ্দ।

## ২২. মাদ্দে মুনফাসিল কাহাকে বলে?

উত্তর ঃ মাদ্দের হরফের পর পরবর্তী শব্দের প্রথম হরফ হামযা (ء) আসলে যে মাদ্দের উৎপত্তি হয়, তা মাদ্দে মুনফাসিল।

## ২৩. মাদ্দে মুনফাসিলের দুইটি উদাহরণ দাও?

উত্তর ঃ لاَ إِلــه ، إِنَا أَنْـزَلْنَـاه

## ২৪. মাদ্দে মুনফাসিলের পরিমাণ কতটুকু?

উত্তর ঃ চার আলিফ।

## ২৫. মাদ্দে লাযিম অর্থ কি?

উত্তর ঃ আবশ্যকীয় মাদ্দ।

## ২৬. মাদ্দে লাযিম কতপ্রকার ও কি কি?

উত্তর ঃ মাদ্দে লাযিম চার প্রকার। ১.কালমী মুছাক্কাল, ২.কালমী মুখাফ্ফাফ, ৩.হারফী মুছাক্কাল এবং ৪.হারফী মুখাফ্ফাফ।

## ২৭. মাদ্দে লাযিম কালমী মুছাক্কাল এর শাব্দিক অর্থ কি?

উত্তর ঃ শব্দের মাঝে ভারি মাদ্দ।

## ২৮. মাদ্দে লাযিম কালমী মুছাক্কাল কাহাকে বলে?

উত্তর ঃ শব্দের মাঝে মাদ্দের হরফের পর মুশাদ্দাদ হরফ তথা তাশদীদ ( ّ ) ওয়ালা হরফ আসলে মাদ্দে লাযিম কালমী মুছাক্কাল।

## ২৯. মাদ্দে লাযিম কালমী মুছাক্কাল এর একটি উদাহরণ দিন?

উত্তর ঃ ولا الضـالـّـن ، وخلق الجـَانَّ

## ৩০. মাদ্দে লাযিম কালমী মুখাফ্ফাফ এর শাব্দিক অর্থ কি?

উত্তর ঃ শব্দের মাঝে হালকা মাদ্দ।

## ৩১. মাদ্দে লাযিম কালমী মুখাফ্ফাফ কাহাকে বলে?

উত্তর ঃ শব্দের মাঝে মাদ্দের হরফের পর ছাকিন ( ْ ) আসলে মাদ্দে লাযিম কালমী মুখাফ্ফাফ।

## ৩২. মাদ্দে লাযিম কালমী মুখাফ্ফাফ এর একটি উদাহরণ দিন

উত্তর ঃ اٰلْاٰنَ

## ৩৩. মাদ্দে লাযিম হারফী মুছাক্কাল এর শাব্দিক অর্থ কি?

উত্তর ঃ হরফের মাঝে ভারী মাদ্দ।

## ৩৪. মাদ্দে লাযিম হারফী মুছাক্কাল কাহাকে বলে?

উত্তর ঃ হরফের মাঝে মাদ্দের হরফের পর মুশাদ্দাদ হরফ বা তাশদীদ ( ّ ) ওয়ালা হরফ আসলে বা ইদগাম হলে মাদ্দে লাযিম হারফী মুছাক্কাল হয়।

## ৩৫. মাদ্দে লাযিম হারফী মুছাক্কাল এর একটি উদাহরণ দাও?

উত্তর ঃ الـــــم এবং طـسـم

## ৩৬. মাদ্দে লাযিম হারফী মুখাফ্ফাফ এর শাব্দিক অর্থ কি?

উত্তর ঃ হরফের মধ্যে হালকা মাদ্দ।

## ৩৭. মাদ্দে লাযিম হারফী মুখাফ্ফাফ কাহাকে বলে?

উত্তর ঃ হরফের মাঝে মাদ্দের হরফের পর ছাকিন ( ْ ) আসলে মাদ্দে লাযিম হারফী মুখাফ্ফাফ হয়।

## ৩৮. মাদ্দে লাযিম হারফী মুখাফ্ফাফ এর একটি উদাহরণ দাও?

উত্তর ঃ يـسـن (يَاسِيْنَ) ، حـم (حَامِيْمْ)

## ৩৯. মদ্দে লাযিমের পরিমাণ কত?

উত্তর ঃ ছয় আলিফ।

## ৪০. মাদ্দে আরিদ লিছ ছুকুন এর শাব্দিক অর্থ কি?

উত্তর ঃ সাময়িক ছাকিনে মাদ্দ।

## ৪১. মাদ্দে আরিদ লিছ ছুকুন কাহাকে বলে?

উত্তর ঃ মাদ্দে আছলীর পর সাময়িক ছাকিন হলে তথা আসলে ছাকিন নয়, ওয়াকফ করার কারণে ছাকিন হলে মাদ্দে আরিদ লিছ ছুকুন হয়।

## ৪২. মাদ্দে আরিদ লিছ ছুকুন এর একটি উদাহরণ দাও?

উত্তর ঃ الحمد لله رب العالمَيْنَ

## ৪৩. মাদ্দে আরিদ লিছ ছকুন এর পরিমাণ কত?

উত্তর ঃ তিন আলিফ।

## ৪৪. মাদ্দে লীন অর্থ কি?

উত্তর ঃ হালকা পাতলা লীন।

## ৪৫. মাদ্দে লীন কাহাকে বলে?

উত্তর ঃ ওয়াও ছাকিন অথবা ইয়া ছাকিন হলে এবং তার পূর্বের হরফের উপর যবর এবং পরের হরফ ওয়াকফের কারণে ছাকিন হলে মাদ্দে লীন হয়।

## ৪৬. মাদ্দে লীন এর উদাহরণ দাও?

উত্তর ঃ لايلف قُرَيْشٍ

## ৪৭. মাদ্দে লীনের পরিমাণ কত?

উত্তর ঃ এক আলিফ থেকে তিন আলীফ।

## ৪৮. মাদ্দে ইওয়াদ্ব কাহাকে বলে? উহার হুকুম কি?

উত্তর ঃ যখন দুই যবর ওয়ালা তানভীনের পর ওয়াকফ হয়, তখন তা পড়ার সময় এক যবর পড়তে হয়, কিন্তু লিখার বেলায় দুই যবরই থাকে। এ অবস্থায় এক আলিফ লম্বা করে পড়াকে বলে মাদ্দে ইওয়াদ্ব। যেখানে ওয়াকফ না করলে মাদ্দ হয়না।

## ৪৯. মাদ্দে ইওয়াদ্ব এর একটি উদাহরণ দাও?

উত্তর ঃ عليمًا حكيمًا ، سميعًا بصيرًا

## ৫০. মাদ্দে বদল এর দুইটি উদাহরণ দিন?

উত্তর ঃ اَاْمَنُوْا থেকে اَمَنُوْا এবং اِاْمَانًا থেকে اِيْمَانًا

৫১. মাদ্দ এর শাব্দিক অর্থ কি?

উত্তর ঃ লম্বা করা/দীর্ঘ করা।

৫২. মাদ্দের অক্ষর কয়টি ও  কি কি?

উত্তর ঃ ৩টি। ي – ا – و

৫৩. ي (ইয়া) অক্ষরটি মাদ্দের অবস্থা কি?

উত্তর ঃ ইয়া ছাকিন, তার পর্বে অক্ষরে যের।

৫৪.  و (ওয়াও) অক্ষরটির মাদ্দের হালত কি?

উত্তর ঃ ওয়াও ছাকিন, তার পূর্বের অক্ষরে পেশ।

৫৫. ا (আলিফ) অক্ষরটির মাদ্দের অবস্থা কি?

উত্তর ঃ আলিফ খালি, তার পূর্বের অক্ষরে যবর।

৫৬. মাদ্দে আছলীর অক্ষর কয়টি ও কি কি?

উত্তর ঃ তিনটি। ي ا و

৫৭. খাড়া যবর, খাড়া যের এবং উল্টা পেশকে কিসের মতো মনে করতে হবে?

উত্তর ঃ মাদের হরফের ন্যায় মনে করতে হবে।

৫৮. মাদ্দে মুত্তাসিল শব্দটি আরবী না বাংলা। আরবী হলে এ বাংলা অর্থ কি?

উত্তর ঃ আরবী। বাংলা অর্থ-মিলিত মাদ্দ।

৫৯. মাদ্দে মুত্তাসিলের অবস্থা কি?

উত্তর ঃ মাদ্দে আছলীর পর একই শব্দে হামযা আসলে মাদ্দে মুত্তাসিল হয়।

৬০. পৃথক বা আলাদা মাদ্দ কে আরবীতে কি বলে?

উত্তর ঃ মাদ্দে মনফাসিল।

৬১. মাদ্দে মুনফাসিলের অবস্থা কি?

উত্তর ঃ মাদ্দে আছলীর পর দ্বিতীয় শব্দের প্রথম অক্ষর হামযা হলে, মাদ্দে মুনফাসিল করে পড়তে হয়।

৬২. মাদ্দে লাযিম কয় প্রকার? যে কোন দুই প্রকার বলুন।

উত্তর ঃ ৪প্রকার। ১.কালমী মুসাক্কাল। ২. কালমী মুখাফফাফ। ৩. হারফী মুসাক্কাল। ৪. হারফী মুখাফফাফ।

৬৩. মাদ্দ প্রধানত কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ ২প্রকার। ১. মাদ্দে আছলী। ২. মাদ্দে ফারয়ী।

৬৪. মাদ্দে লাযিম কালমী মুছাক্কাল এর বাংলা কি?

উত্তর ঃ শব্দের মধ্যে ভারী মাদ্দ।

৬৫. মাদ্দে লাযিম কালমী মুখাফফাফ এর বাংলা কি?

উত্তর ঃ শব্দের মধ্যে হালকা মাদ্দ।

৬৬. এক আলীফ মাদ্দ কত প্রকার ও কি কি?

উত্তর ঃ ২প্রকার। ১. মাদ্দে আরজী। ২. মাদ্দে মুনফাসিল।

৬৭. ৪ আলিফ মাদ্দ কতপ্রকার এবং কি কি?

উত্তর ঃ ৫ প্রকার। ১. মাদ্দে মুত্তাসিল। ২. মাদ্দে লাজিম কলমী মুছাক্কাল। ৩. মাদ্দে লাজিম কালমী মুখাফ্ফাফ। ৪. মাদ্দে লাজিম হারফী মুছাক্কাল। ৫. মাদ্দে লাজিম হারফী মুখাফ্ফাফ।

৬৮. হামযার সঙ্গে মাদ্দের হরফ হইলে উহাকে কি মাদ্দ বলে?

উত্তর ঃ মাদ্দে বদল।

৬৯. খাড়া যবর, খাড়া যের, উল্টা পেশ হলে কয় আলীফ টানতে হয়?

উত্তর ঃ এক আলীফ।

৭০. লীনের হরফ পড়ার নিয়ম কি?

উত্তর ঃ লীনের হরফ তাড়াতাড়ি পড়তে হয়।

৭১. লীনের হরফের বাম পাশে ওয়াকফের হালতে সাকিন হলে উহাকে কি মাদ্দ বলে?

উত্তর ঃ মাদ্দে লীন।

৭২. মাদ্দে আরজী কাকে বলে?

উত্তর ঃ মাদ্দের হরফের বাম পাশে ওয়াকফের হালতে সাকিন হলে উহাকে মাদ্দে আরজী বলে।

৭৩. সমস্ত মাদ্দ এ উৎপত্তি কোন মাদ্দ হতে? এর আরেক নাম কি?

উত্তর ঃ মাদ্দে আছলী। এর আরেক নাম-মাদ্দে তাবয়ী।

৭৪. মাদ্দে মুনফাসিল কয় আলীফ টানতে হয়?

উত্তর ঃ তিন আলীফ।

৭৫. কয়েকটি হরফ বা বর্ণকে একত্রিত করিয়া পড়াকে কি বলে?

উত্তর ঃ কালিমা বা শব্দ।

৭৬. মাদ্দে মুত্তাসিল কয় আলীফ টানতে হয়?

উত্তর ঃ চার আলীফ।

৭৭. একটি আঙ্গুল মধ্যম গতিতে বন্ধ করতে অথবা সোজা করতে যতটুকু সময়ের প্রয়োজন হয়, ততটুকু সময়কে এক হারকাত বলে। কয় হারকাতে এক আলীফ হয়?

উত্তর ঃ দুই হারকাতে।

৭৮. মাদ্দ কাকে বলে?

উত্তর ঃ মাদ্দ শব্দের অর্থ লম্বা বা দীর্ঘ করা। মাদ্দের হরফের সাথে আওয়াজ দীর্ঘ করাকে মাদ্দ বলে।

৭৯. و ا ي এই তিনটি হরফ মাদ্দের হওয়ার জন্য কয়টি শর্ত এবং কি কি?

উত্তর ঃ ২টি শর্ত। ১. ছাকিন হওয়া। ২. আলিফ এর পূর্বে যবর, ওয়াও এর পূর্বে পেশ এবং ইয়া এর পূর্বে যের হওয়া।

৮০. মাদ্দে আছলী বা তাবয়ী কাকে বলে?

উত্তর ঃ মাদ্দের হরফের পর হামযা বা ছাকিন না থাকলে এই মাদ্দকে মাদ্দে আছলী বা মাদ্দে তাবয়ী বলে।

৮১. খাড়া যবর, খাড়া যের এবং উলটা পেশ কাকে বলে?

উত্তর ঃ একটি আলিফ ও একটি যবর একত্রে মিলেএকটি খাড়া যবর হয়। ১টি ওয়াও ও একটি পেশ একত্রে মিলে ১টি উল্টা পেশ হয়। একটি ইয়া ও একটি যের একত্রে মিলে ১টি খাড়া যের হয়।

## ৮২. লীনের হরফ কয়টি ও কি কি?

উত্তর ঃ ২টি। ي (ইয়া) এবং و (ওয়াও)।

## ৮৩. মাদ্দে আছলীর পরিমাণ কত?

উত্তর ঃ এক আলীফ।